| EFD তে VAT দিন<br>লটারীর কুপন বুঝে নিন<br><br>প্রতিমাসে রয়েছে ১ [এক] লক্ষ থেকে<br>১০ [দশ] হাজার টাকার ১০১টি পুরস্কার | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট<br>ঢাকা (দক্ষিণ), ঢাকা<br>আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ,<br>কাকরাইল, ঢাকা- ১০০০।<br>[E-mail:cevdhksouth@yahoo.com] | "উন্নয়নের ভ্যাট নীতি<br>ভ্যাট দিয়ে গড়ব জাতি"<br><br>রেজিঃ ডাকযোগে/বাহক<br>মারফত/ই-মেইল যোগে |
|---|---|---|

নথি নং-৪(৬)১১-মূ: নী:/মেসার্স ইউরোটেক্স নীটওয়্যার লি:/মূসক অব্যাহতি/২০২৩/ তারিখ: /০৮/২০২৩ খ্রি.।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী ইউরোটেক্স নীটওয়্যার লিঃ (মূসক নিবন্ধন নম্বর-০০২২৩৬৬৯৩-০২০৪), নয়ামাটি, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪০০ নামীয় প্রতিষ্ঠানটি ১০০% সরাসরি রপ্তানীকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে রপ্তানি কাজে ব্যবহৃত বিদ্যুৎ এবং প্রাকৃতিক গ্যাস বিলের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

০২। অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট সাধারণ আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সরেজমিনে পরিদর্শনপূর্বক সুনির্দিষ্ট মতামত সম্বলিত তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-৭৫৩, তারিখ: ২৩/০৮/২০২৩ খ্রি. এর মাধ্যমে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

০৩। তদন্ত কমিটি ২৪/০৮/২০২৩ খ্রি. তারিখে আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ২৭/০৮/২০২৩ খ্রি. তারিখে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। **<u>গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নোক্ত মতামত/সুপারিশ প্রদান করা হয়েছে:</u>**

> "রপ্তানী পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস ও বিদ্যুৎ বিতরণকারী সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী ইউরোটেক্স নীটওয়্যার লিঃ (মূসক নিবন্ধন নম্বর-০০২২৩৬৬৯৩-০২০৪) নামীয় প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিতরণকারী ও প্রাকৃতিক গ্যাস সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতির আবেদনটি বিবেচনা পূর্বক বিবেচ্য প্রাকৃতিক গ্যাস মিটার নং-৮৩০৫৩৭৬০ (গ্রাহক সংকেত নম্বর-৮-০৬-০০০৫২৫-০০-০৩-৬), ৮৩০৫৫৫৯৪ (গ্রাহক সংকেত নম্বর -৩-০৬-০০০৫২৫-০০-০৩-৬) ও বিদ্যুৎ মিটার নং-ডিএইচকেজে ১১২৭ (গ্রাহক সংকেত নম্বর-২৪২২৯২৭১) এর মাসিক বিলের বিপরীতে প্রযোজ্য মূসক অব্যাহতি সংক্রান্ত আদেশ প্রদান করা যেতে পারে"

০৪। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং বর্ণিত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী ইউরোটেক্স নীটওয়্যার লিঃ (মূসক নিবন্ধন নম্বর-০০২২৩৬৬৯৩-০২০৪), নয়ামাটি, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪০০ নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:

টেবিল-১

| শিরোনাম সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৭.১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৮৩০৫৩৭৬০ | ৮-০৬-০০০৫২৫-০০-০৩-৬ | ১০০% |
| ২৭.১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস | ৮৩০৫৫৫৯৪ | ৩-০৬-০০০৫২৫-০০-০৩-৬ | ১০০% |

টেবিল-২

| শিরোনাম সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্যের বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এস০৫৭ | এস০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ডিএইচকেজে ১১২৭ | ২৪২২৯২৭১ | ১০০% |

০৫। শর্তসমূহ :

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি. এর পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করিলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে;

ঙ. এ আদেশ আগস্ট,২০২৩ খ্রি. মাসের বিল হতে কার্যকর হবে এবং বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাস সরবরাহকারী মিটার অপরিবর্তীত থাকা পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাঃ
[ শওকত আলী সাদী ]
কমিশনার
ফোন ঃ ০২-৫৮৩১৫৯৬৪
ই-মেইল : cevdhksouth@yahoo.com

নথি নং-৪(৬)১১-মূ: নী:/মেসার্স ইউরোটেক্স নীটওয়্যার লি:/মূসক অব্যাহতি/২০২৩/ ৭৫২(২-৩৭) তারিখ:৩০/০৮/২০২৩ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, নারায়ণগঞ্জ বিভাগ। (আপনাকে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-গ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো এবং একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো)।

৩. দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও শেরে বাংলানগর, ঢাকা।

৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

৫. নির্বাহী প্রকৌশলী, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি), নেটওয়ার্ক অপারেশন ও কাস্টমার সার্ভিস, নারায়ণগঞ্জ (পূর্ব), ফতুল্লা, নারায়নগঞ্জ।

৬. ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

৭. ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, জোনাল বিপণন কার্যালয়, ফতুল্লা ৩৬, চাষাড়া বালুর মাঠ, নারায়ণগঞ্জ।

৮. ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, জোন অফিসঃ ফতুল্লা, মহসিন ভিউ, হোল্ডিং নং-৪০২, ওয়ার্ড-০৭, ব্লক-এ, কায়েমপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

৯. রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ফতুল্লা সার্কেল। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-খ অনুযায়ী প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।

১০. সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে আদেশটি www.cevdsc.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।

১১. ব্যবস্থাপনা পরিচালক, ইউরোটেক্স নীটওয়্যার লিঃ (মূসক নিবন্ধন নম্বর-০০২২৩৬৬৯৩-০২০৪), নয়ামাটি, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪০০ (তাঁকে অনুচ্ছেদ-০৫ এ বর্ণিত শর্ত-ক ও ঘ প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

30.08.23
[ইসরাত জাহান মনি]
যুগ্ম কমিশনার